# কলেজে যাওয়ার দিকনির্দেশ




নিউ ইয়র্ক রাজ্যে ইংরেজি ভাষা শিক্ষার্থী/বহুভাষিক শিক্ষার্থীদের জন্য একটি কলেজে প্রবেশ করার দিকনির্দেশ

## একটি লক্ষ্য রাখুন

লক্ষ হিসাবে কলেজ শিক্ষা বেছে নেওয়ার অনেকগুলি কারণ আছে। এই চার্টটি দেখাচ্ছে একটি জীবনে প্রতিটি ডিপ্লোমার মূল্য। এই সংখ্যা বাড়তে পারে যদি ব্যক্তিটি দ্বিভাষিক হন।

| | |
|---|---|
| $1.30 মিলিয়ন | কেবলমাত্র হাইস্কুল ডিপ্লোমা = $1.30 মিলিয়ন |
| $1.55 মিলিয়ন | কিছুটা কলেজ = $1.55 মিলিয়ন |
| $2.27 মিলিয়ন | ব্যাচেলার ডিগ্রি = $2.27 মিলিয়ন |
| $2.67 মিলিয়ন | মাস্টার্স ডিগ্রি = $2.67 মিলিয়ন |
| $3.25 মিলিয়ন | ডক্টরাল ডিগ্রি = $3.25 মিলিয়ন |
| $3.65 মিলিয়ন | পেশাদারী ডিগ্রি = $3.65 মিলিয়ন |

**তাদের জীবনে কলেজ গ্র্যাজুয়েটরা হাইস্কুল গ্র্যাজুয়েটদের থেকে অন্তত এক মিলিয়ন ডলার বেশি উপার্জন করে থাকেন!**

কার্নেভাল, এ.পি., রোজ, এস.জে. এবং চিয়াহ, বি. (2011) ***দ্য কলেজ পে অফ: এডুকেশন, অকুপেশনস, লাইফটাইম আর্নিংস***। সেন্টার ফর দ্য এডুকেশন অ্যান্ড দ্য ওয়ার্কফোর্স, জর্জটাউন ইউনিভার্সিটি।

পিউ রিসার্চ সেন্টার, ফেব্রুয়ারি, 2014, **"দ্য রাইজিং কস্ট অফ নট গোয়িং টু কলেজ"** (http://www.pewsocialtrends.org/2014/02/11/the-rising-cost-ofnot-going-to-college/)

### কলেজ গ্র্যাজুয়েটরা...

...বেকার থাকেন কম
...ভালো স্বাস্থ্যের অধিকারী হন
...দারুন কেরিয়ার পান যা তাদের আয়ের ক্ষমতাকে বাড়িয়ে দেয়
...বেশি খুশি অনুভব করে
...বেশি অংশগ্রহণ করে কমিউনিটিতে যা দেখা যায় উচ্চ ভোটিং এবং স্বেচ্ছাসেবকতার হারে
...বেশি হারে বাড়ির মালিক হন, এবং
...তাদের সন্তানদের সাহায্য করতে পারেন যাতে তারা স্কুলে আরও ভালো গ্রেড পেতে পারে

## আপনার জন্য সঠিক কলেজটি বেছে নেওয়া

এমন এক কলেজ বেছে নিন যা আপনাকে সহায্য করে আপনি যেমন ভবিষ্যত চান সেটির জন্য প্রস্তুত হতে। মনে রাখবেন, কলেজে ভর্তি হওয়া আপনার সিদ্ধান্ত ও আপনার পছন্দ অনুযায়ী হবে। কখনই টেলিভিশন এবং অন্যান্য মিডিয়া, সহপাঠী এবং বন্ধু, পরিবার-পরিজন এবং শিক্ষক/শিক্ষিকারা আপনাকে অন্য দিকে যেন ঠেলে না দেয়। অন্য কেউই এই সিদ্ধান্তটি আপনার হয়ে নিতে পারবে না। সবশেষে, আপনাকে সেই পছন্দ নিয়ে থাকতে হবে যা আপনি বেছে নিয়েছেন।

**স্কুলে আপনার পড়ার কথা ভাবুন এবং বিবেচনা করুন আপনি কিসে সবচেয়ে সফল এবং আপনি কী করতে সবচেয়ে ভালোবাসেন।**

**আপনার আগ্রহ, দক্ষতা, প্রতিভা, পছন্দ এবং অপছন্দগুলি কী কী?**

**আপনার প্রিয় কোনগুলি? . . . এবং কেন?**

### আপনার জন্য সবচেয়ে উপযুক্ত

আপনি আপনার আগ্রহগুলি ও প্রতিভা চিহ্নিত করার পর, আপনি বুঝতে পারবেন আপনার জন্য কোন কলেজ সংস্কৃতি ভালো হবে।

আপনি যে কলেজে ভর্তি হওয়ার কথা ভাবছেন, সেটি কি আপনি যেমন শিখতে চান সেইরকম করে পড়াশুনা করায়? আপনি কা বড়ো লেকচার হলে 200-র বেশি ছাত্র/ছাত্রীর সাথে শিখতে পছন্দ করেন নাকি ছোটো দলে 10-এর কম ছাত্র/ছাত্রী নিয়ে শিখতে পছন্দ করেন? অ্যাসাইনমেন্ট লেখা, অনলাইন কার্যকলাপ, উপস্থাপনা অথবা গ্রুপ প্রোজেক্টের মাধ্যমে শিখতে পছন্দ করেন?

কলেজগুলির বিভিন্ন প্রোগ্রাম থাকে, বিভিন্ন সুবিধা ও রিসোর্স, সুযোগ, শিক্ষক/শিক্ষিকাদের দক্ষতা এবং ছাত্রছাত্রীদের জন্য আর্থিক সহায়তার প্রোগ্রাম থাকে। কলেজগুলিকে মূল্যায়ন করা হয় তাদের গ্র্যাজুয়েশন, রিটেনশন, এবং কেরিয়ার প্লেসমেন্ট হারের উপর; অগ্রগতির হার (যে সময়ে একটি ডিগ্রি অর্জন করা যায়) এবং গ্র্যাজুয়েট স্কুলে ভর্তি ও অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ের উপর ভিত্তি করে। একটি কলেজ বেছে নেওয়ার ক্ষেত্রে ভৌগোলিক অবস্থানও গুরুত্বপূর্ণ বিষয় হয়ে দাঁড়ায়। আপনি কি আপনার পরিবার থেকে দূরে থাকার জন্য প্রস্তুত নাকি আপনার প্রতিদিন আপনার পরিবারের সহায়তার প্রয়োজন হয়? আপনি কি আপনার কলেজ কমিউনিটিতে ঠিকঠাক থাকতে পারবেন? এমন কি কোনো ব্যক্তি আছেন (ছাত্র/ছাত্রী বা শিক্ষক/শিক্ষিকা) যিনি আপনার বাড়ির ভাষায় কথা বলতে পারেন অথবা আপনাদের সংস্কৃতি একই? সেখানি কি বৈচিত্র্য আছে?

অনেক কলেজগুলি ভার্চুয়াল অনলাইন টুর দিয়ে থাকে, যাতে আপনি প্রথমে দেখে নিতে পারেন যে আপনি সেই প্রকার কলেজের পরিবেশে খাপ খাইয়ে নিতে পারবেন কিনা। ছাত্র/ছাত্রীদের বিভিন্ন প্রকার স্কুলে যাওয়া উচিত যাতে তারা বুঝতে পারে তাদের জন্য কোনটা ঠিক।

সেই কলেজ খুঁজুন যাতে ইংরেজি ভাষা শিক্ষার্থী/বহুভাষিক শিক্ষার্থীদের জন্য শ্রেষ্ঠ শিক্ষাগত সহায়তা দেওয়া হয় (সাধারণত লার্নিং সেন্টার বা রাইটিং ল্যাব)।

## নিউ ইয়র্ক রাজ্য এবং তার বাইরের কলেজগুলি

সিটি ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (CUNY) -এ 24 টি ক্যাম্পাস আছে নিউ ইয়র্ক শহরে যেখানে আছে 11 টি সিনিয়র কলেজ (4 বছর), 7 টি কমিউনিটি কলেজ, গ্র্যাজুয়েট সেন্টার, গ্র্যাজুয়েট স্কুল অফ জার্নালিজম, স্কুল অফ পাবলিক হেলথ, ল স্কুল, এবং পেশাদার শিক্ষার স্কুলগুলি।

স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (SUNY) -এ আছে 64টি প্রতিষ্ঠান নিউ ইয়র্ক রাজ্য জুড়ে, যেখানে আছে 10 টি বিশ্ববিদ্যালয় কেন্দ্র এবং প্রতিষ্ঠান যা ডক্টরাল ডিগ্রি প্রদান করে; 13 টি ইউনিভার্সিটি কলেজ; 8টি প্রযুক্তি কলেজ; এবং 30 টি কমিউনিটি কলেজ।

নিউ ইয়র্ক রাজ্যে কাউন্সিল ফর ইন্ডিপেন্ডেন্ট কলেজ অ্যান্ড ইউনিভার্সিটির তালিকা অনুযায়ী 108 টি বেসরকারী কলেজ ও বিশ্ববিদ্যালয় আছে।

এছাড়াও আরও 439 টি কলেজ ও বিশ্ববিদ্যালয় আছে উত্তরপূর্বাঞ্চলে— কানেক্টিকাট (46), মাইন (30), ম্যাসাচুসেটস (113), নিউ হ্যাম্পশায়ার (20), নিউ জার্সি (44), পেনসিলভানিয়া (130), রোড আইল্যান্ড (13), এবং ভেরমন্ট (23)। মার্কিন যুক্তরাষ্ট্র জুড়ে মার্কিন ডিপার্টমেন্ট অফ এডুকেশনের মতে 4,626 টি কলেজ ও বিশ্ববিদ্যালয় আছে।

**তাই অবশ্যই আপনার জন্যেও একটি সঠিক কলেজ আছে।**

আপনার হাইস্কুল নির্দেশক কাউন্সেলরের কাছ থেকে শিখুন কীভাবে এই প্রশ্নগুলির উত্তর করতে হয় এবং নিম্নলিখিত বিনামূল্য সাইটগুলির সাহায্য অনুসন্ধান করুন:

- collegecost.ed.gov/scorecard
- nces.ed.gov/collegenavigator/
- costoflearning.com
- Collegeboard.com
- Fastweb.com
- Scholarships.com
- usnews.com/rankings

### পরিকল্পনা করুন

কলেজ স্তরের কাজের জন্য তৈরি হতে গেলে...

...চ্যালেঞ্জপূর্ণ কোর্সওয়ার্ক নিন প্রাথমিক, মাধ্যমিক এবং উচ্চ বিদ্যালয়ে বিশেষ করে ইংরেজি, গণিত, বিজ্ঞান, সোশাল স্টাডিজ, ভাষা এবং কলায়
...আপনি যে বিষয়ে ভালো সেটি খুঁজে বার করুন এবং এটিও দেখুন কোন কোন বিষয়ে আপনার সহায়তার প্রয়োজন থাকতে পারে
...শিখুন কীভাবে পড়তে হবে, পরীক্ষা দিতে হবে, এবং প্রোজেক্ট কার্যকরীভাবে শেষ করতে হবে।
...সিদ্ধান্ত নিন কোন কেরিয়ার আপনাকে আগ্রহী করে তোলে এবং খুঁজে বার করুন সেই পছন্দের কেরিয়ারে প্রবেশ করতে গেলে আপনাকে কী করতে হবে

## কীভাবে ধাপে-ধাপে কলেজের জন্য আবেদন করবেন

1. হাইস্কুল গাইডেন্স কাউন্সেলরের সাথে দেখা করুন 9 ম গ্রেডে থাকার সময়েই যাতে আপনি আলোচনা করতে পারেন কলেজের জন্য তৈরি হতে গেলে কী কী করতে হবে এবং তার পর তাঁর সাথে নিয়মিত দেখা করতে থাকুন।
2. SAT বা ACT পরীক্ষা দিন এবং যথাসম্ভব ভালো করে পরীক্ষা দিন।
3. কলেজ/বিশ্ববিদ্যালয় খুঁজুন যা আপনার লক্ষ্য পূরণ করে।
4. স্কুলের কাউন্সেলর ও শিক্ষক/শিক্ষিকাদের থেকে 2-3 টি সুপারিশ চিঠি নিন।
5. আপনার গ্রেড ও টেস্ট স্কোরের সরকারী কপি নিয়ে রাখুন যাতে সেগুলি পাঠানো যায়। (যদি আপনার স্কুলের রেকর্ড ইংরেজিতে না থাকে, আপনার ডিপ্লোমা এবং ট্রান্সক্রিপ্টের শংসিত অনুবাদ প্রস্তুত রাখুন।)
6. নিশ্চিত করুন যাতে আপনি জানেন প্রতিটি কলেজ কী চায় এবং তাদের ডেডলাইন কবে।
7. আপনার আবেদনে, প্রয়োজনীয় তথ্য পূরণ করুন: নাম, ঠিকানা, ইমেল, নাগরিকত্ব/ভিসা অবস্থা, পারিবারিক তথ্য, ঐচ্ছিক বিভাগ যা জিজ্ঞাসা করে আপনার জাতিগত পরিচয়, বৈবাহিক অবস্থা এবং অন্যান্য ব্যক্তিগত তথ্য, যা আপনাকে সাহায্য করতে পারবে যদি আপনি একজন আন্তর্জাতিক ছাত্র/ছাত্রী হন এবং/অথবা জাতিগতভাবে সংখ্যালঘু হন, শিক্ষাগত তথ্য, হাই স্কুল, কাউন্সেলরের নাম ও যোগাযোগের ঠিকানা, আগে যে স্কুলে গিয়েছিলেন এবং যে কলেজ কোর্সগুলি আপনি করে থাকতে পারেন, SAT এবং/অথবা ACT পরীক্ষার স্কোর (এবং নিশ্চিত করুন যে কলেজগুলি/বিশ্ববিদ্যালয়গুলি যেন আপনার টেস্ট স্কোরগুলি টেস্টিং এজেন্সির কাছ থেকে পায়)
8. আপনার হাই স্কুল কৃতিত্ব বিষয়ে তথ্য প্রদান করুন: শিক্ষাগত, শিক্ষা-বহির্ভূত কার্যকলাপ, স্বেচ্ছাসেবী কার্যকলাপ, এবং বিশেষ অর্জনগুলি। লিখুন অতিরিক্ত প্রোগ্রাম বা ক্লাস সম্পর্কে যা আপনি করেছিলেন এবং তার সাথে আপনি যে কাজ করেছিলেন যা দেখাবে আপনার নির্ভরযোগ্যতা এবং কঠিন পরিশ্রম করার ইচ্ছা।
9. অধিকাংশ সময়ে কলেজের প্রয়োজন হবে দুটি রচনার অথবা "ব্যক্তিগত বিবৃতির"— একটি স্বল্প এবং একটি দীর্ঘ রচনা। কমন বা সাধারণ অ্যাপ্লিকেশনে প্রয়োজন হয় এমন এক রচনা লেখা যা হবে 150 বা তার কম শব্দে আপনার একটি শিক্ষা-বহির্ভূত বা কাজের অভিজ্ঞতা বিষয়ে, এবং আরেকটি 250-500 শব্দে। দীর্ঘ রচনা লিখলে আপনাকে হয়ত লিখতে হতে পারে এমন এক ব্যক্তি সম্পর্কে যিনি আপনার উপর উল্লেখযোগ্য প্রভাব বিস্তার করেছেন; একটি গুরুত্বপূর্ণ ব্যক্তিগত, স্থানীয়, জাতীয় অথবা বিশ্বের ঘটনা; অথবা কী কী ব্যক্তিগত গুণ আপনার আছে যাতে আপনি কলেজের বিবিধতায় আরো রঙ যোগ করতে পারবেন। টিউটরদের সাহায্য এই রকম রচনা লেখা অনুশীলন করুন যাতে আপনি নিজেকে তুলে ধরতে পারেন সঠিক আলোকে।
10. একটি ছাত্র-ছাত্রী ভর্তির সাক্ষাৎকারের প্রয়োজন হতে পারে।
11. সবচেয়ে আগে নিশ্চিত করুন যে আপনি জোর দিচ্ছেন এটির উপরে যে আপনি দ্বিভাষিক এবং আপনার অভিজ্ঞতার উপরে যা আপনাকে অন্যদের থেকে আলাদা করছে।

## কলেজের শিক্ষার জন্য অর্থ যোগাড় করা

মার্কিন ডিপার্টমেন্ট অফ এডুকেশন প্রতি বছর $150 বিলিয়ন অনুদান প্রদান করে থাকে, কাজ-পড়াশুনা করার টাকা, কম সুদে ঋণ হিসাবে 15 মিলিয়নের বেশি ছাত্র-ছাত্রীদের।

**কেন্দ্রীয় ও রাজ্যের উৎস** – যোগ্য ছাত্র-ছাত্রীদের জন্য টাকা পাওয়া যায় কেন্দ্রীয় সরকারের মাধ্যমে। ছাত্র-ছাত্রী/পরিবারেরা অবশ্যই FAFSA সম্পূর্ণ করবেন তাদের আর্থিক প্রয়োজনীয়তা প্রদর্শন করতে।

**প্রতিষ্ঠানগত (কলেজ)** – প্রতিটি কলেজের নিজস্ব স্কলারশিপ আবেদন প্রক্রিয়া আছে এবং তা স্কুলের মাধ্যমে দেওয়া হয়ে থাকে। টাকা দেওয়া হতে পারে শিক্ষাগত কৃতিত্বের জন্য, প্রতিভার (অ্যাথলেটিক্স, সঙ্গীত ইত্যাদি) জন্য, বিশেষ ছাত্র/ছাত্রীর বৈশিষ্ট্য ইত্যাদির জন্য।

**ব্যক্তিগত স্কলারশিপ** – সারা দেশে হাজার হাজার স্কলারশিপ আছে। স্কলারশিপ দেওয়া হয় বিভিন্ন বৈশিষ্ট্যের উপর, প্রয়োজন এবং শিক্ষাগত কৃতিত্বের উপর ভিত্তি করে সহ। আন্তর্জাতিক ছাত্র-ছাত্রীদের জন্য অথবা যেসব ছাত্র-ছাত্রীরা অন্য ভাষা বলতে পারে তাদের জন্য স্কলারশিপ দেখুন।

কলেজে যাওয়ার খরচ প্রভাবিত করবে আপনি কোন কলেজের জন্য আবেদন করবেন। অনুগ্রহ করে সঠিক প্রশ্ন জিজ্ঞাসা করতে ভুলবেন না:

- আমাকে কত দিতে হবে? আমার মোট মূল্য কত?
- কীভাবে আমি দাম মেটাব? আমার ডিগ্রি কি যথেষ্ট পরিমাণে আয় ও কেরিয়ারের সুযোগ প্রদান করবে যাতে আমার ঋণ মেটাতে পারব?
- আমি কি স্কলারশিপ বা গ্রান্ট পাওয়ার যোগ্য?
- আমি কি ফেডারাল স্টুডেন্ট এইড পাওয়ার জন্য যোগ্য?
- সংস্থাটির ক্ষেত্রে গ্র্যাজুয়েশন করা বা সম্পূর্ণ করার হার কত?
- আমার ঋণ কি আমি পরিশোধ করতে পারব?

BRONX INSTITUTE
LEHMAN COLLEGE
New York State EDUCATION DEPARTMENT BOARD OF REGENTS
CUNY

ব্রঙ্কস সংস্থা দ্বারা তৈরি লেম্যান কলেজ অফ দ্য সিটি ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক -এ, যা করা হয়েছিল দ্য নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট অফিস অফ বাইলিঙ্গুয়াল এডুকেশন অ্যান্ড ওয়ার্ল্ড ল্যাঙ্গুয়েজের পক্ষ থেকে

# কলেজে যাওয়ার দিকনির্দেশ

**নিউ ইয়র্ক রাজ্যের ইংরেজি ভাষা শিক্ষার্থী/বহুভাষিক শিক্ষার্থীদের জন্য একটি কলেজে শিক্ষা নেওয়ার নির্দেশিকা**

| গ্রেড স্তর | | শিক্ষা বিষয়ক | শিক্ষা -বহির্ভূত এবং কাজ | কলেজের জন্য কতটা প্রস্তুত |
|---|---|---|---|---|
| মাধ্যমিক স্কুল | 6<br>7<br>8 | • ক্লাসে সবসময়ে আপনার সবচেয়ে ভালোটি দিন, মন দিয়ে লেখাপড়া করুন, সমস্ত অ্যাসাইনমেন্ট সম্পূর্ণ করুন এবং ভালো গ্রেড পান (A এবং B)।<br>• ভালো উপস্থিতির হার তৈরি করার অভ্যাস করুন আর তা চালিয়ে যান।<br>• ভালো পড়ার অভ্যাস তৈরি করুন এবং দৈনন্দিন ইংরেজি ও আপনার মাতৃভাষার ক্ষেত্রে আপনার পড়া, লেখা, শোনা ও কথা বলার দক্ষতার উন্নতি করুন।<br>• চ্যালেঞ্জিং ও কৌতুহলোদ্দীপক ক্লাস করুন যাতে হাইস্কুলের জন্য তৈরি হতে পারেন।<br>• স্কুলে এবং আদর্শায়িত পরীক্ষাগুলিতে ভালো করুন। যদি সাহায্যের প্রয়োজন হয়, তবে শিক্ষক/শিক্ষিকা, টিউটর, বা মেন্টরের কাছে যান এবং নিজেও অতিরিক্ত সময় দিন। একটি স্টাডি গ্রুপে যোগ দিয়ে ভালো ছাত্র/ছাত্রী হয়ে উঠুন।<br>• আপনার বাড়ির বা প্রধান ভাষা ব্যবহার করে ইংরেজিতে নতুন তথ্য বা শব্দভাণ্ডারে সংযোগ করার উপায় উদ্ভাবন করুন।<br>• আপনার ক্লাসরুম, দ্বিভাষিক এবং ESOL শিক্ষক/শিক্ষিকার সাথে যোগাযোগ করুন এবং খাটুন যাতে আপনি ইংরেজি ও আপনার বাড়ির ভাষায় উন্নতি করতে পারেন। | • শিক্ষা-বহির্ভুত কার্যকলাপে অংশগ্রহণ করুন, প্রজেক্টের জন্য স্বেচ্ছাসেবী হন এবং যে খেলা আপনার পছন্দ সেটি খেলুন।<br>• শিক্ষক/শিক্ষিকারা যে গ্রীষ্মের ছুটিতে বই পড়ার তালিকা দিয়েছেন তার থেকে ইংরেজিতে এবং/অথবা আপনার বাড়ির ভাষায় বই পড়ুন।<br>• সামার বা গ্রীষ্মকালীন প্রোগ্রামে অংশগ্রহণ করুন।<br>• বন্ধুদের সাথে ঘোরাফেরা, টিভি দেখা অথবা ভিডিও গেমস খেলা ছাড়াও একটি ক্লাবে, স্পোর্টস টিমে, কোনো প্রদর্শন কলা প্রোগ্রামে, অথবা কমিউনিটি সার্ভিস গ্রুপে যোগ দিন, এবং আপনার কাজ কর্মের সম্পূর্ণ রেকর্ড রাখুন।<br>• নিজের দক্ষতা তৈরি করা ছাড়াও, মজা করা, অথবা অন্যান্যদের সাহায্য করা ছাড়াও ব্যক্তিগত সামর্থ্য তৈরি করা, নেতৃত্বদানের দক্ষতা তৈরি করা এবং আগ্রহ তৈরি করাকে কলেজ ও ভবিষ্যতের নিয়োগ কর্তারা প্রশংসার চোখে দেখবেন।<br>• আপনার সোশাল মিডিয়ার ভাবমূর্তি ভালো করুন। সরিয়ে ফেলুন যে কোনো লজ্জাকর ছবি, ভিডিও অথবা মন্তব্য যা আপনাকে কলেজে গ্রহণ করা থেকে অথবা সম্ভাব্য স্কলারশিপ থেকে আটকাতে পারে। | • ভবিষ্যতের জন্য আপনার কেরিয়ারের সম্ভাবনাগুলির বিষয়ে ভাবুন।<br>• গুরুত্বপূর্ণ নথি ও নোট বিষয়ে একটি ফাইল তৈরি করুন (রিপোর্ট কার্ড, পুরষ্কার ও সম্মাননার তালিকা, স্বেচ্ছাসেবকতার তালিকা, বেতন সহ কাজ ইত্যাদি)।<br>• আপনার পরিবারের সাথে এবং স্কুলে অন্যান্যদের সাথে কথা বলুন আপনার লক্ষ্য ও উচ্চাকাঙ্খা নিয়ে।<br>• আপনার বাবা-মা, অভিভাবক অথবা স্কুলের পরামর্শদাতার কাছ থেকে সাহায্য নিন, হাইস্কুল অথবা বিশেষ প্রোগ্রাম খুঁজে বার করতে যা জোর দেয় আপনার আগ্রহের বিষয়গুলিতে অথবা স্কুলের পছন্দগুলিতে।<br>• আপনার বাবা-মা/অভিভাবকের সাথে জানুন কলেজে খরচ কত হয় এবং কীভাবে আপনার পড়াশোনার টাকা যোগাড় করা যাবে।<br>• স্কুল অথবা কমিউনিটি আধারিত কার্যকলাপে যোগ দিন যাতে আপনার আগ্রহ বৃদ্ধি পেতে পারে এবং নতুন ব্যক্তিদের সাথে যোগসূত্র তৈরী করা যায়।<br>• আপনার বাবা-মায়েদের সাথে অনুসন্ধান করুন কী কী স্কলারশিপ এবং আলাদা আর্থিক সহায়তা লভ্য হয়। |
| হাই স্কুলে প্রথম/ দ্বিতীয় বছর | 9 | • আপনার স্কুলের কাউন্সেলর ও শিক্ষক/শিক্ষিকার সাথে কাজ করুন যাতে আপনার শিক্ষাগত অগ্রগতি পর্যালোচনা করা যায় এবং অতিরিক্ত সাহায্য পান যা আপনি চান (একজন টিউটর চিহ্নিত করুন, পান হোমওয়ার্কে সাহায্য এথবা একটি আফটার স্কুল প্রোগ্রামে অংশগ্রহণ করুন যাতে শিক্ষার দিকে আপনার সাহায্য হয়)।<br>• চার-বছরের কোর্স প্ল্যান বেছে নিন এবং বেছে নিন পরের বছরে আপনাকে কী কী ক্লাস করতে হবে। অ্যাডভান্সড প্লেসমেন্ট (AP) সম্পর্কে জানুন এবং পরিকল্পনা করুন গ্রীষ্মকালীন কার্যকলাপের জন্য। যদি লভ্য হয়, তবে আপনার মাতৃভাষায় AP কোর্সগুলি করুন।<br>• PSAT পরীক্ষার জন্য তৈরি হন। | • স্কুল অথবা কমিউনিটি আধারিত কার্যকলাপে অংশগ্রহণ করুন যাতে আপনার কেরিয়ারের আগ্রহ কোন দিকে সেগুলি চিহ্নিত করতে পারেন।<br>• আপনার হাই স্কুল রেজিউমে তৈরি করুন, যেখানে আপনার সম্মান, পুরষ্কার, স্বেচ্ছাসেবী ও বেতন সহ কাজের অভিজ্ঞতা এবং শিক্ষা-বহির্ভূত কার্যকলাপের তালিকা তৈরী করুন ।<br>• নিশ্চিত করুন যাতে আপনার গ্রীষ্ম ব্যর্থ না হয়: কাজ করুন, স্বেচ্ছাসেবকতা করুন অথবা গ্রীষ্মের কোর্স করুন (বাইরে অথবা স্থানীয় কলেজে)।<br>• একটি "শুধুমাত্র কাজের" ইমেল অ্যাকাউন্ট তৈরি করুন এটি দেখাতে যে আপনি কলেজ আবেদনকারী হিসাবে যথেষ্ট আন্তরিক। | • আপনার স্কুল কাউন্সেলর বা শিক্ষক/শিক্ষিকাকে জিজ্ঞাসা করুন কোন কেরিয়ার সন্ধান কার্যকলাপ স্কুলে লভ্য আছে। তাদের জিজ্ঞাসা করুন কীভাবে আপনি আপনার জীবনের আগ্রহকে হাইস্কুল, কলেজ এবং একটি কেরিয়ারে রূপান্তরিত করতে পারবেন।<br>• লোকেদের জানান যে আপনি কাজ করতে আগ্রহী, স্বেচ্ছাসেবকতা করতে এবং শিক্ষাগত আফটার স্কুল প্রোগ্রামে, গ্রীষ্মের ওয়ার্কশপ এবং শিল্প, বিজ্ঞান অথবা প্রোগ্রামিক ক্যাম্প যোগদান করতে।<br>• কলেজ রেডিনেস কোর্স ও ওয়ার্কশপে অংশগ্রহণ করুন। |
| | 10 | • আপনার স্কুলের কাউন্সেলরের সাথে দেখা করুন, এটা জানতে যে আপনি কতটা ক্রেডিট, গ্রেড এবং রিজেন্ট স্কোর একত্র করেছেন, এটি নিশ্চিত করতে যে সময়মতো হাইস্কুল গ্র্যাজুয়েশন শেষ করতে ও কলেজে গৃহীত হতে আপনি ঠিক রাস্তায় চলেছেন।<br>• SAT-এর জন্য তৈরি হন PSAT দিয়ে।<br>• আপনার বাড়ির ভাষার বিকাশ ঘটান যাতে আপনি সিল অফ বাইলিটারেসি (দ্বিভাষিকতার মোহর) পেতে পারেন।<br>• আপনার কাউন্সেলরের সাথে বিভিন্ন গ্র্যাজুয়েশনের পন্থাগুলি নিয়ে আলোচনা করুন। | • হাই স্কুলে থাকতে থাকতে কলেজ কোর্স করা যায় (AP কোর্সের সাথে) এমন সুযোগের অপেক্ষায় থাকুন যাতে কলেজের খরচ কমানো যায়।<br>• আপনার বাড়ির ভাষা ব্যবহার করতে দ্বিধা করবেন না যদি সেই ভাষায় আপনার কাছে কাজের, স্বেচ্ছাসেবকতার সুযোগ আসে অথবা আপনি ইন্টার্নশিপ পান (সবেতন বা বেতনহীন) যা আপনার কলেজের আগ্রহের সাথে সংশ্লিষ্ট হবে। | • লাইব্রেরী এবং অনলাইনে অনুসন্ধান করুন কলেজ কেরিয়ারের বিষয়ে যা আপনার আগ্রহ জাগিয়ে তুলছে।<br>• আপনার বাবা-মায়ের সাথে কলেজের মেলা এবং ওপেন হাউজে যান। কলেজ প্রোগ্রামের অনুসন্ধান করুন যেমন হাইস্কুল ছাত্র/ছাত্রীদের জন্য ক্লাব।<br>• বর্তমানে কলেজের ছাত্র/ছাত্রীদের, শিক্ষক/শিক্ষিকাদের এবং কলেজ পরামর্শকদের সাথে কথা বলুন, সেই সম্পর্কে জানতে। |
| হাই স্কুলে জুনিয়র/ সিনিয়র বছর | 11 | • PSAT/NMSQT -র জন্য নথিভুক্ত হন ও সেই পরীক্ষায় অংশগ্রহণ করুন। আপনার স্কুলের কাউন্সেলরের সাথে দেখা করুন আপনার PSAT/NMSQT-র স্কোর আলোচনা করতে।<br>• জেনে নিন আপনার স্কুলে PLAN এবং ACT প্রদান করা হয়ে থাকে কিনা।<br>• জানুয়ারিতে রিজেন্ট পরীক্ষার জন্য তৈরি হন।<br>• জানুয়ারি বা ফেব্রুয়ারি মাসে হওয়া SAT প্রস্তুতি কোর্স খুঁজে নিন ও তার জন্য নথিভুক্ত হন: মে অথবা জুনে SAT পরীক্ষা দেওয়ার চেষ্টা করুন।<br>• যদি আপনি AP কোর্সে নথিভুক্ত হন তবে মে মাসে হওয়া সেই পরীক্ষার জন্য তৈরি হতে থাকুন।<br>• যদি আপনি মে মাসে অনুষ্ঠিতব্য SAT পরীক্ষা দিতে চান, তবে আপনার স্কুলের কাউন্সেলরের সাথে দেখা করুন, নথিভুক্তি সম্পর্কে প্রশ্ন করতে।<br>• কলেজ প্রবেশিকা পরীক্ষাগুলি দিন যেমন SAT, SAT বিষয়ভিত্তিক পরীক্ষা, এবং/অথবা ACT. | • অনুসন্ধান করতে থাকুন হাইস্কুলের জন্য বিনামূল্যে এবং কম খরচের কলেজ কোর্সগুলি যাতে কলেজের খরচ কমানো যায়।<br>• আপনার কলেজের আগ্রহ যেদিকে সেই বিষয়ে কাজ করতে, স্বেচ্ছাসেবকতা করতে বা ইন্টার্নশিপ করতে থাকুন।<br>• স্থানীয় কমিউনিটি কলেজে কার্যকলাপ বিষয়ে নিজেকে সড়গড় করে তুলুন, যাতে আপনি কলেজের জন্য তৈরি হতে পারেন। | • আর্থিক সাহায্য বিষয়ে জানুন এবং একটি আর্থিক সহায়তা ওয়ার্কশপে যোগদান করুন আপনার বাবা-মাকে নিয়ে।<br>• আপনার স্কুলের কাউন্সেলরের সাথে স্কলারশিপ নিয়ে কথা বলুন।<br>• অংশগ্রহণ করুন হেমন্তে হওয়া কলেজ মেলায় এবং কলেজ সম্পর্কে ও কেরিয়ারের বিকল্প সম্পর্কে অনুসন্ধান চালিয়ে যান। অনুসন্ধান করুন নিউ ইয়র্ক রাজ্য কলেজ সম্পর্কে, যা নিউ ইয়র্ক রাজ্যের অধিবাসীদের শিক্ষা ফী কমিয়ে দেয়।<br>• এমন কিছু কলেজে যান, যেখানে আপনার আগ্রহ আছে এবং চিহ্নিত করুন আপনি একটি ছোটো বা বড় কলেজে ভালো পড়াশুনা করতে পারবেন।<br>• মনে রাখবেন, বিশ্রাম নিতে যাতে আপনি আপনার ক্ষমতার সর্বোচ্চ স্তরে কাজ করতে পারেন। একটি পরিকল্পনা করুন যাতে আপনি কাজ সময়মতো করতে পেরে কার্যকরী থাকেন এবং চাপ কমাতে পারেন। |
| | 12 | • আপনার স্কুলের কাউন্সেলরের সাথে নিয়মিত দেখা করুন যাতে নিশ্চিত করা যায় যে গ্র্যাজুয়েশনের জন্য আপনার কাছে প্রয়োজনীয় ক্লাস থাকে।<br>• দ্বিতীয়বারের জন্য SAT বা ACT পরীক্ষা দিন।<br>• আপনার বাড়ির ভাষা ব্যবহার করে মূল শব্দ গুলি শিখে আপনার শব্দভাণ্ডার বাড়ান (বিষে করে যদি সেই ভাষা ল্যাটিন আধারিত হয়, যেমন স্প্যানিশ)।<br>• আপনার ESOL শিক্ষক/শিক্ষিকার সাথে কাজ করুন যাতে আপনি আপনার কলেজের জন্য রচনাটি আরও ভালোভাবে লিখতে পারেন। আপনার রচনাতে জোর দিন দ্বিভাষিকতা বা বহুভাষিকতা সহ আপনার শক্তিগুলি, অধ্যবসায় এবং দৃঢ়সংকল্পতা, চ্যালেঞ্জ জয় করার দক্ষতা এবং নেতৃত্বের দক্ষতার উপর। | • কলেজে আবেদন করুন।<br>• **হেমন্তের শেষের মধ্যে:**<br>  • আপনার কলেজের তালিকা চূড়ান্ত করে ফেলুন।<br>  • আপনার সরকারী টেস্ট স্কোরগুলি কলেজে পাঠান।<br>  • আবেদনপত্র চূড়ান্ত করুন ও তা জমা দিন।<br>• **শীতে:**<br>  • স্কলারশিপের জন্য আবেদন করুন।<br>  • আপনার কাউন্সেলর ও বাবা-মায়ের সাথে কাজ করুন আপনার<br>  • FAFSA পূরণ করতে ও জমা দিতে 1লা জানুয়ারি - 2 রা মার্চ (যত তাড়াতাড়ি হয় ততই ভালো)।<br>  • আপনাকে যারা-যারা সাহায্য করেছেন তাদের সবাইকে ধন্যবাদজ্ঞাপক নোট পাঠান (এবং তাদের সাথে যোগাযোগ রাখুন)। আপনার শিক্ষক/শিক্ষিকাদের সাথে কাজ করুন নোট লিখতে ও পর্যালোচনা করতে।<br>• **বসন্তের মধ্যে:**<br>  • কলেজের কাছ থেকে বিজ্ঞপ্তি পান। আপনার ডিপোজিট পাঠান 1লা মে -র মধ্যে।<br>  • সমস্ত পরীক্ষা শেষ করুন।<br>  • আনন্দ করুন। | • কলেজ আবেদন, আর্থিক সাহায্য এবং স্কলারশিপ সংক্রান্ত গুরুত্বপূর্ণ তারিখগুলি এবং ডেডলাইনগুলি বা অন্তিম তারিখ মনে রাখতে একটি ক্যালেন্ডার তৈরি করুন।<br>• কলেজের তথ্য একত্রে একটি ফাইল ফোল্ডারে রাখুন।<br>• আপনার SAT, SAT বিষয় পরীক্ষা, ACT পরীক্ষাগুলির জন্য নাম নথিভুক্ত করুন।<br>• আপনার কলেজ আবেদন পর্যালোচনা করুন এবং আবেদনপত্র পূরণ করতে শুরু করুন।<br>• আপনার স্কুলের কাউন্সেলরের কাছে জিজ্ঞাসা করুন দ্রুত সিদ্ধান্ত/দ্রুত পদক্ষেপ সম্পর্কে।<br>• দুটি বা তিনটি রেকমেন্ডেশন বা সুপারিশ চিঠি সংগ্রহ করুন।<br>• কলেজ ও স্কলারশিপ আবেদনের জন্য আপনার রচনার প্রথম খসড়া লিখুন।<br>• আপনার স্কুলের কাউন্সেলরের কাছে জিজ্ঞাসা করুন যে আপনি EOP/HEOP সহায়তার জন্য যোগ্য কিনা। |

## এক নজরে হাইস্কুলে শিক্ষা

**এইগুলি হল ন্যূনতম কোর্সগুলি যা আপনাকে বর্তমানে হাই স্কুলে নিতে হবে যাতে আপনি নিউ ইয়র্ক রাজ্যে গ্র্যাজুয়েট হতে পারবেন:**

ইংরেজিতে 4 টি ক্রেডিট
সোশ্যাল স্টাডিজে 4 টি ক্রেডিট
- বিশ্বের ইতিহাসে 2 টি ক্রেডিট
- মার্কিন ইতিহাসে 1 টি ক্রেডিট
- সরকারে 0.5 টি ক্রেডিট
- অর্থনীতিতে 0.5 টি ক্রেডিট

গণিতে 3 টি ক্রেডিট
ইংরেজি ব্যতীত ভাষায় (LOTE) 1 টি ক্রেডিট
বিজ্ঞানে 3 টি ক্রেডিট
- জীব-বিজ্ঞানে 1 টি ক্রেডিট
- ভৌত বিজ্ঞানে 1 টি ক্রেডিট
- জীব অথবা ভৌত বিজ্ঞানে 1 টি ক্রেডিট

দৃশ্য কলা, সঙ্গীতে, নাচ এবং/অথবা থিযেটারে 1 টি ক্রেডিট
শরীর শিক্ষায 2 টি ক্রেডিট
স্বাস্থ্যে 0.5 টি ক্রেডিট
স্বনির্বাচিত কোর্সগুলিতে 3.5 টি ক্রেডিট

## শব্দ ভাণ্ডার

**শিক্ষা-বহির্ভূত:** আপনার সাধারণ শিক্ষার ক্লাসের বাইরে শিক্ষাগত কার্যকলাপগুলি।

**অ্যাডভান্সড প্লেসমেন্ট (AP):** একটি কার্যক্রম যা আপনাকে কলেজ ক্রেডিট দেবে যখন আপনি হাই স্কুলে থাকবেন।

**PSAT:** SAT-র জন্য আপনাকে তৈরি করে দেওয়ার মতো প্রাক শিক্ষাগত নির্ধারণ পরীক্ষা (প্রি স্কোল্যাস্টিক অ্যাসেসমেন্ট টেস্ট)।

**ইন্টার্নশিপ:** কোনো কাজ বা কেরিয়ারে যে কার্যক্রম নবিশদের অভিজ্ঞতা সঞ্চয়ের সুযোগ দেয়।

**ক্রেডিট সংগ্রহ:** হাই স্কুল পাস করার জন্য প্রয়োজনীয় ক্রেডিটের সংখ্যা পেতে আপনারা যেমন অগ্রগতি করেন।

**কলেজ ফেয়ার বা মেলা:** একটি কার্যকলাপ যেখানে বিভিন্ন কলেজগুলি তাদের স্কুল সম্পর্কে তথ্য প্রদান করতে প্রতিনিধি পাঠায় ।

**NMSQT:** ন্যাশানাল মেরিট স্কলারশিপ কোয়ালিফাইং টেস্ট নির্ধারণ করে কত ভালোভাবে আপনি কলেজ স্কলারশিপের জন্য তৈরি হয়েছেন।

**SAT:** স্কোল্যাস্টিক অ্যাসেসমেন্ট টেস্ট পরিমাপ করে সাক্ষরতা, লেখা এবং সমস্যা সমাধান করার দক্ষতা যা নির্ধারণ করবে কলেজে আপনি কতটা ভালো করবেন। কলেজগলি ব্যবহার করে থাকে SAT, এটি নির্ধারণ করতে যে, তাদের কলেজে তার আপনাকে গ্রহণ করবে কিনা।

**ACT:** আমেরিকান কলেজ টেস্টিং একজাম পরিমাপ করে কলেজে ইংরেজি, গণিত, পড়া এবং বিজ্ঞান বিষয়ে আপনি কতটা ভালো করতে পারবেন। কলেজগুলি ACT ব্যবহার করে থাকে এটি বিচার করতে যে, তাদের কলেজে তার আপনাকে গ্রহণ করবে কিনা।

**PLAN:** প্রিলিমিনারি ACT আপনাকে ACT-র জন্য তৈরি করবে।

**EOP/HEOP:** শিক্ষা সুযোগ কার্যক্রম/উচ্চ শিক্ষা সুযোগ কার্যক্রম প্রদান করে থাকে নিউ ইয়র্ক রাজ্যে অধিবাসীদের সহায়ক পরিসেবা এবং আর্থিক সাহায্য, যারা নিউ ইয়র্কের স্বাধীন কলেজ এবং বিশ্ববিদ্যালয়ে পড়াশুনা করছে।

**ফ্রি অ্যাপ্লিকেশন ফর ফেডারাল স্টুডেন্ট এইড (FAFSA):** FAFSA হল একটি ফর্ম যা ব্যবহার করে ছাত্র/ছাত্রীদের আর্থিক সাহায্যের জন্য আবেদন করা যেতে পারে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে, এমনকি অধিকাংশ কলেজ ও বিশ্ববিদ্যালয়ের কাছ থেকে। আপনার FAFSA থেকে তথ্য সরকার ব্যবহার করে থাকে আপনাদের প্রত্যাশিত পারিবারিক অবদান (এক্সপেক্টেড ফ্যামিলি কন্ট্রিবিউশন বা EFC) নির্ধারণ করতে। আপনি FAFSA ফাইল করতে পারবেন এই ওয়েবসাইটে www.fafsa.ed.gov।

**কমন বা সাধারণ অ্যাপ্লিকেশন:** কমন অ্যাপ্লিকেশন হল একটি কলেজে ভর্তির আবেদন, এই রাজ্যের 517টি সদস্য কলেজের মধ্যে একটিতে ভর্তি হওয়ার জন্য।

**মোট খরচ:** মোট খরচ বা নিজ থেকে প্রদান করার জন্য খরচ হল একটি কলেজের ন্যূনতম খরচ। এটি হল কলেজে যাওয়ার খরচ ও অনুদানের মধ্যে তফাতটি। এটি হল সেই পরিমাণ টাকা যা আপনাকে দিতে হবে আপনার সঞ্চয় বা আয় থেকে, এবং ঋণ করে যাতে কলেজের খরচটি মেটে।

## যে ক্ষেত্রগুলিতে বহুভাষিক কর্মীদের প্রয়োজন

**স্বাস্থ্য পরিচর্যা**
ডাক্তার, বিশেষজ্ঞ, রেজিস্টার্ড নার্স, চিকিৎসাকর্মী, ডাক্তারের সহকারী, গৃহ স্বাস্থ্য সহায়ক

**হসপিটালিটি**
ভ্রমণ ব্যবস্থাপক, রিজর্ট ম্যানেজার, হোটেল ম্যানেজার, ডেস্ক ক্লার্ক

**শিক্ষা**
শিক্ষক/শিক্ষিকা, দ্বিভাষিক শিক্ষক/শিক্ষিকা, ENL নির্দেশনা প্রদানকারী, দিকনির্দেশ পরামর্শদাতা

**অর্থ**
টেলার, আর্থিক পরামর্শদাতা, ইনভেস্টমেন্ট ব্যাঙ্কার, অ্যাকাউন্টেন্ট

**যানবাহন**
এয়ারলাইন কর্মী, জনসংযোগ বিশেষজ্ঞ, মিডিয়া রিলেশনস অফিসার

**আইন রক্ষক**
পুলিশ অফিসার, তদন্তকারী, নিরাপত্তা কর্মী, প্রবেশন অফিসার, সংশোধনাগার অফিসার

**সামাজিক পরিসেবা**
পরিবার সোশাল ওয়ার্কার, মাদক সেবন সোশাল ওয়ার্কার, সোশাল ওয়ার্ক প্রশাসক

**গ্রাহক পরিসেবা**
বিক্রয় ক্লার্ক, প্রদর্শনকারী, রিটেল স্টোর সুপারভাইজার, কম্পিউটার সাপোর্ট বিশেষজ্ঞ, গ্রাহক পরিষেবা প্রতিনিধি

**যোগাযোগ**
অনুবাদক, জনসংযোগ বিশেষজ্ঞ, সাংবাদিক, মিডিয়া রিলেশন অফিসার